

## শিক্ষা মেলায় প্রশ্ন-উত্তরে ভবিষ্যতের পথ খুঁজলেন পড়ুয়ারা

নিজস্ব সংবাদদাতা

## শিক্ষা মেলায় প্রশ্ন-উত্তরে ভবিষ্যতের পথ খুঁজলেন পড়ুয়ারা

আনন্দবাজার পত্রিকা গোষ্ঠী আয়োজিত 'ডেস্টিনেশন সাউথ' শীর্ষক শিক্ষা মেলার প্রথম দিন পড়ুয়াদের নানা কৌতূহল নিরসন করলেন দেশের দক্ষিণ প্রান্তের নামী শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রতিনিধিরা।



সূচনা: আনন্দবাজার পত্রিকা গোষ্ঠী আয়োজিত 'ডেস্টিনেশন সাউথ' শীর্ষক শিক্ষা মেলার উদ্বোধনী বক্তৃত্তা দিচ্ছেন জহর সরকার। শনিবার, ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে। ছবি: স্বাতী চক্রবর্তী।

কেউ জানলেন মহাকাশ প্রযুক্তি সংক্রান্ত পড়াশোনার পথ নিয়ে। কেউ খোঁজ করলেন মাইনিং ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়ার সুযোগ-সুবিধা কী রয়েছে, সেই ব্যাপারে। কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে পড়াশোনা সংক্রান্ত প্রশ্নের উত্তরও খুঁজলেন অনেকে। ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে আনন্দবাজার পত্রিকা গোষ্ঠী আয়োজিত 'ডেস্টিনেশন সাউথ' শীর্ষক শিক্ষা মেলার প্রথম দিন, শনিবার এ ভাবেই বিনামূল্যে অংশগ্রহণ করা পড়ুয়াদের নানা কৌতূহল নিরসন করলেন দেশের দক্ষিণ প্রান্তের নামী শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রতিনিধিরা। সেই সঙ্গেই আলোচনা চলল, শিক্ষার প্রসার এবং ভবিষ্যতে কাজের সুযোগ নিয়ে। আজ, রবিবার এই শিক্ষা মেলার দ্বিতীয় এবং অন্তিম দিন।



Video Player is loading.

Current Time 0:46

Duration 10:12

Loaded: 17.52%

Remaining Time 9:26

এ দিন বেলা ১২টায় উদ্বোধনী বক্তৃতায় শিক্ষা মেলার সুর বেঁধে দেন প্রাক্তন আইএস অফিসার, রাজ্যসভার প্রাক্তন সাংসদ তথা প্রসার ভারতীর প্রাক্তন অধিকর্তা জহর সরকার। তিনি বলেন, “সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, শিক্ষার মান। বাংলায় সেই মান আর আগের মতো নেই। উৎকৃষ্ট শিক্ষা কোথায় পাওয়া যাচ্ছে, সেটাই আসল। সে জন্য ঘর থেকে দূরে যেতে হলেও পড়ুয়া এবং অভিভাবকেরা যাতে পিছপা না হন, সেটাই বলব।”

এর পরে কর্নাটক, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ ও কেরলের বিভিন্ন প্রান্তের মোট ২৩টি কলেজ-বিশ্ববিদ্যালয়ের স্টল ঘুরে দেখেন জহর। বিকেলে এ

দিনই ছিল সাইবার নিরাপত্তা সংক্রান্ত আলোচনাচক্র। আজ, রবিবারও তেমনই রয়েছে 'মাইন্ডস্ট্রোলজি মাস্টারক্লাস' এবং 'দ্য এফ ফ্যাক্টর: ফেসিং ফেলিয়ার উইদাউট ফিয়ার' নামে আরও দু'টি আলোচনাচক্র।

(এই প্রতিবেদনটি আনন্দবাজার পত্রিকার মুদ্রিত সংস্করণ থেকে নেওয়া হয়েছে)